সংবাদ

তারিখ ... 15 MAY 20-3 ...
পৃষ্ঠা ... ১২ ...

আগামী বছর পাস না করলে এমপিও বাতিল

# সারাদেশে ১৩৯৪ স্কুল-কলেজ থেকে কেউ পাস করেনি

**নীলফামারী থেকে সাইফুল্লাহ্ মুন্না ঃ** সারাদেশের ১হাজার ৩শ' ৯৪টি মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসা থেকে ২০০২ সালের পাবলিক পরীক্ষায় কোন ছাত্র ছাত্রী পাস করেনি। বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)-এর এক প্রতিবেদন থেকে এ তথ্য পাওয়া গেছে। সরকারের ব্যয়বহুল শিক্ষা কর্মসূচির বিপরীতে এ ফলাফল অত্যন্ত হতাশাজনক উল্লেখ করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানদের কাছ থেকে শিক্ষা মন্ত্রণালয় এ ব্যাপারে কৈফিয়ত তলব করেছে। এছাড়া আগামী এক বছরের মধ্যে পাবলিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে না পারলে এমপিও বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে এসব প্রতিষ্ঠানকে হুঁশিয়ারি দেয়া হয়েছে। পাসের হার শূন্য হওয়া শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে সরকার কঠোর ব্যবস্থা গ্রহণের চিন্তা করেছে। এ উদ্দেশ্যে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের কাছ থেকে এ কৈফিয়ত তলব এবং এমপিও বাতিলের হুঁশিয়ারি দেয়া হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব মাহবুব-উর-রহমান স্বাক্ষরিত (স্মারক নং ১০এম ৬/২০০৩/২০১তাং ৭/৫/০৩) পত্রে এ আদেশ দেয়া হয়। এতে বলা হয়, ব্যানবেইস-এর সূত্রস্থ প্রতিবেদন অনুযায়ী দেখা গেছে, ২০০২ সালে অনুষ্ঠিত এস.এস.সি; এইচ.এস.সি; স্নাতক,

**পাস ঃ** পৃঃ ১১ কঃ ১

## পাস ঃ করেনি

( ১২ পৃষ্ঠার পর )

ভোকেশনাল, ব্যবসায় ব্যবস্থাপনা এবং দাখিল, আলিম, ফাজিল ও কামিল পরীক্ষায় সারাদেশের,১৩৯৪টি শিক্ষা প্রতিষ্ঠানের অর্থাৎ ১শ' ৮৯টি মাধ্যমিক স্কুল, ১শ' ২৮টি কলেজ, ১হাজার ৭৭টি মাদ্রাসা, ১১টি ভোকেশনাল স্কুল এবং ১৩টি বিজনেজ ম্যানেজমেন্ট কলেজ থেকে একজন পরীক্ষার্থীও পাস করতে পারেনি। সরকারের বাস্তবায়নাধীন ব্যয়বহুল শিক্ষা কর্মসূচি, শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তকরণ ও শিক্ষার ভৌত অবকাঠামো উন্নয়নের বিপরীতে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের এ ফলাফলকে অত্যন্ত হতাশাজনক বলে উল্লেখ করা হয়েছে। এজন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানদের কাছে ১৫ দিনের মধ্যে এর কারণ জানানোর নির্দেশ দেয়া হয়। সেই সাথে তাদের অবহিত করা হয়েছে আগামী ১ বছরের মধ্যে তারা ফলাফল ভাল করতে না পারলে প্রতিষ্ঠানের এমপিও বাতিলসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা নেয়া হবে